তারিখ: ১৮-০২-২০২৪

বাংলাদেশ সোসাইটি অব ফিজিওলজিস্টস (বিএসপি) এর ২০২৪-২৫ সেশনের কার্যনির্বাহী পরিষদের কার্যনির্বাহী সভা-৪ এর কার্যবিবরনী।

সভাপতি:
অধ্যাপক নাসিম জাহান
(সম্মানিত সভাপতি, বিএসপি)
সভার তারিখ : ১৮-০২-২০২৪
সময় : সন্ধ্যা ৭ ঘটিকায়
স্থান : অনলাইন জুম মিটিং

সম্মানিত সভাপতি প্রথমেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সাধারণ সম্পাদক বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান। সবার সম্মতিতে তা গ্রহন করা হয়।

এরপর কার্যনির্বাহী সভা ১৮-০২-২০২৪ইং এর আলোচনা শুরু হয়। আলোচ্য বিষয়, বিএসপি সাধারন সভার রেজিষ্ট্রেশন।

আলোচনা ঃ সভাপতি সভার কার্যক্রম গুলো উল্লেখ করেন এবং কতজন সদস্য বিএসপি সাধারন সভার জন্য রেজিস্ট্রেশন করেছেন তা জানতে চান।

সিদ্ধান্ত : সর্বমোট ৮২ জন ১৮-০২-২০২৪ইং তারিখ পর্যন্ত রেজিষ্ট্রেশন করেছেন বলে Organising Secretery ডা. শাম্‌স রুহানি ইসলাম সবাইকে জানান।

আলোচ্য বিষয় : অর্থ বিষয়ক

আলোচনা : ডা. কাজী সালমা বিনতে ফারুকী উপস্থিত সবাইকে জানান যে, বিএসপি এর স্টাফদের পাওনা পরিশোধ করা হয়েছে । তিনি আরো জানান যে, অধ্যাপক সুলতানা ফেরদৌসী বাংলাজলকে দেওয়া ওনার টাকা বাজেট পাশের সময় নিবেন।

অধ্যাপক নাঈমা সুলতানা  বিএসপি ওয়েবসাইটের জন্য জনাব রঙ্গনের টাকা পরিশোধ করতে হবে বলে জানান।

সিদ্ধান্ত: জনাব রঙ্গনের টাকা পরিশোধের সিদ্ধান্ত নেয়া এবং আগত বিএসপি সাধারন সভার খরচের হিসাব ঠিকমত ভাউচার সহ রাখতে বলা হয়।

আলোচ্য বিষয়: আসন্ন বিএসপি সাধারন সভার অনুষ্ঠান বিষয়ক।

আলোচনা:  মাননীয় সভাপতি Organising Secretery কে Programme schedule পড়ে শুনাতে বলায় উনি তা পড়ে শুনান। ৮.৩০ মি: হতে ৯.০০ ঘটিকা পর্যন্ত Reception। বিএসএমএমইউ ও

এসএসএমসি এর ছাত্রছাত্রীরা Volunteer হিসাবে সহায়তা করবেন বলে ডা. শাম্‌স রুহানি ইসলাম নিশ্চিত করেন।

Reception Committee এর চেয়ারম্যান ডা. কাজী সালমা বিনতে ফারুকী সকালের নাস্তার দায়িত্ব নেন এবং তিনি জানান যে, চিকেন শর্মা, ফ্রুট কেক ও ১টি করে কমলা নাস্তায় থাকবে।

ডা. শাম্‌স রুহানি সবাইকে পানি সরবরাহের দায়িত্ব নেন। রিশিপশন টেবিল এ রেজিস্ট্রেশন এর জন্য সবার স্বাক্ষর নেয়া হবে এবং একটি ফাইল দেয়া হবে যাতে লেখালেখির জন্য একটি প্যাড, কলম, Programme schedule ও খাবারের কুপন থাকবে।

অধ্যাপক নিলুফার রহমান প্যাড, কলম দিবেন বলে জানান। ডা. আশফাক রাফেদ রহমানকে Transparent file কিনতে দেয়া হয়। Organising Secretery. ডা. শাম্‌স রুহানি ইসলাম লাঞ্চ এর দায়িত্বে থাকবেন বলে জানান। এবং Chinese খাবারের সিদ্ধান্ত নেয়া হয়।

সিদ্ধান্ত :

সবাই এই ব্যবস্থায় সম্মতি প্রদান করেন। তবে কীভাবে এবং কে কফি সরবরাহ করবেন সে ব্যাপারে কোন সিদ্ধান্তে পৌছানো যায়নি।

আলোচ্য বিষয়: কোরআন তেলোয়াত

আলোচনা : ডা. সোহেল বক্স এর নাম প্রস্তাব করা হয়। কিন্তু ঐ সময় ডা. সোহেল কে উপস্থিত না পাওয়ায় অধ্যাপক ডা. দিলরুবা সিরাজী ওনাকে জানানোর দায়িত্ব নেন।

সিদ্ধান্ত : সবাই একমত হন এই সিদ্ধান্তে।

আলোচ্য বিষয়: সাধারন সভার অন্যান্য সব বিষয়।

আলোচনা : Secretery general প্রফেসর নাঈমা সুলতানা স্বাগত ভাষন দেবার পর chief guest বক্তব্য দিবেন। তারপর সিনিয়র স্যার, ম্যাডামগণ বক্তব্য রাখবেন।

সিদ্ধান্ত: chief guest কে প্রফেসর নাঈমা সুলতানা invitation letter online এ দিবেন। এ ব্যাপারে সাহায্য করবেন ডা. শাম্‌স রুহানি ।

অধ্যাপক ডা. হোসেন রেজা, অধ্যাপক ডা. মোশাররাফ হোসেন মোল্লা, অধ্যাপক ডা. ফরিদা আদীব খানম,অধ্যাপক ডা. নুরজাহান বেগম , অধ্যাপক ডা.রোকেয়া বেগম বক্তব্য রাখবেন বলে সিদ্ধান্ত নেয়া হয়।

আলোচ্য বিষয়: Presentation on PBQ, SBA on SEQ.

আলোচনা: প্রফেসর নুরজাহান বেগম টেলিফোনে স্বনামধন্য প্রফেসর মানজারে শামীম কে Medical Education বিষয়ক লেকচার দেওয়ার জন্য বলেন। উনি ম্যাডাম এর এমবিবিএস এর সরাসরি ছাত্র বিধায় তৎক্ষণাৎ রাজী হয়ে যান। পরে আলোচনার মাধ্যমে অধ্যাপক শামীম PBQ এর উপর Presentation

করবেন বলে আগ্রহ প্রকাশ করেন এবং একজন ফিজিওলজিস্টকে সাহায্যকারী হিসাবে চান। অধ্যাপক নাঈমা সুলতানা ওনাকে সাহায্য করবেন বলে সম্মত হন।

ডা. দিলরুবা সিরাজী এবং ডা. মিজানুর রহমান সরদার SBA & SEQ এর উপর ওনাদের Presentation যথাক্রমে oral & e-poster এর মাধ্যমে করার জন্য প্রস্তুত আছেন বলে সবাইকে অবগত করেন।

সিদ্ধান্ত: উপস্থিত সবাই এই ব্যাবস্থায় সম্মতি প্রদান করেন। অধ্যাপক ফরিদা আদীব খানম উল্লেখ করেন যে, এই Presentation এর ধারাবাহিকতা রক্ষা করে পরবর্তীতে workshop এবং আরো সেমিনার করা যেতে পারে।

আলোচ্য বিষয়: অন্যান্য দায়িত্ব বিষয়ক।

আলোচনা ডা. আশফাক রাফেদ রহমান, কে ডিজিটাল ব্যানার বানাতে বলা হয়। তাছাড়া তার আরও দায়িত্ব থাকে যথাক্রমে Technical support, sound system ঠিক রাখা ইত্যাদি। প্রবেশ পথ হতে শুরু করে শেষ পর্যন্ত সব ব্যাবস্থাপনা পরিদর্শন ও ঠিক ঠাক রাখা ভিশেষ করে নামাযের জায়গা ও Toilet এর সুবিধাদি ।Organising Secretery. তাকে সবরকম সহযোগীতা করার আশ্বাস দেন।

ডা. জেনিফার ও ডা. জোয়ায়রিয়া কে Anchoring এর কাজ করতে বলা হয় অধ্যাপক নাঈমা সুলতানার সাথে আলোচনা সাপেক্ষে।

Resolution লেখার দায়িত্ব দেয়া হয় ডা. ইফফাত জাহান, ডা. ফারহানা রহমান ও ডা. জাকির মোঃ হোসেন কে ডা.শাম্‌স রুহানি অতিদ্রুত সাবকমিটি তৈরী করে সবার দায়িত্ব বুঝিয়ে দেবেন বলে আশ্বস্ত করেন।

অধ্যাপক নুরজাহান বেগম জানান যে, বিএসএসএমইউ এর সাইদুল, তাসলিমা ও মোহসিনকে তিনি এক দিনের কাজের জন্য বলেছেন, পারিশ্রমিকের বিনিময়ে।

সিদ্ধান্ত : উপস্থিত সবাই এই ব্যাবস্থাপনার সম্মতি প্রদান করেন।

প্রফেসর রোকেয়া বেগম অন্যান্য Senior madam দের over telephone যোগাযোগ করেছেন বলে জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে সালাম , শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

Jahan

অধ্যাপক ডাঃ নাসিম জাহান
সভাপতি, ২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ
বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস (বি এস পি )